**12th August, 2026**

**BSE Limited**
Phiroze Jeejeebhoy Towers
Dalal Street, Fort
Mumbai – 400001
Scrip Code – 544822

**National Stock Exchange of India Ltd**
Exchange Plaza, C-1, Block G
Bandra Kurla Complex, Bandra (E)
Mumbai – 400051
Symbol – LASERPOWER

**Sub.:** Newspaper Clippings - Unaudited Financial Results of the Company for the quarter ended 30 June 2026

Dear Sir / Madam,

Pursuant to Regulation 47 and other applicable provisions, if any, of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, we are enclosing herewith copies of the newspaper clippings pertaining to the Unaudited Standalone and Consolidated Financial Results for the quarter ended 30 June 2026, published by the Company today i.e. on 12th August, 2026: -

The above information is being hosted on the Company's website.

This is for your kind information and records.

Thanking you.

Yours faithfully,

**For Laser Power & Infra Limited**

DEBENDRA BANTHIYA
Digitally signed by DEBENDRA BANTHIYA
Date: 2026.08.12 16:10:20 +05'30'

**Debendra Banthiya**

**Company Secretary & Compliance Officer**

**Encl:** As above

# LASER POWER & INFRA LIMITED

CIN: L14220WB1988PLC043591
Registered Office: 4A, Pollock Street, 3rd Floor, Kolkata 700 001
Corp. Office: Adventz Infinity@5, 19th Floor, BN Block, Sector V, Bidhannagar, Kolkata 700 091
**E-mail Id: Investor.grievance@laserpowerinfra.com, Website: www.laserpowerinfra.com**

**Statement of Unaudited Standalone and Consolidated Financial Results for the quarter ended 30th June, 2026**

The Unaudited Standalone and Consolidated Financial Results of the Company for the quarter ended 30th June, 2026 have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors of the Company at their respective meetings held on Monday, 10th August, 2026.

The aforesaid financial results of the Company along with the Auditor's Limited Review Report thereon are available on the website of stock exchanges at www.bseindia.com and www.nseindia.com and on the Company's website at www.laserpowerinfra.com. The same can also be accessed by scanning the Quick Response (QR) Code provided below.

For and on behalf of Board
**Laser Power & Infra Limited**
Sd/-
**Deepak Goel**
Chairman & Managing Director
DIN: 00673430

Place : Kolkata
Date : 11.08.2026

# MULTIBASE INDIA LIMITED

Registered Office: 74/5-6, Daman Industrial Estate, Kadaiya,
Nani Daman-396210 (UT); Tel.: +91 260 6614 400 Fax: +91 260 2221 578
• Email: compliance.officer@multibaseindia.com; • Website: www.multibaseindia.com • **CIN: L01122DD1991PLC002959**

**UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED ON JUNE 30, 2026**

The Board of Directors of Multibase India Limited ('the Company') at its meeting held on **August 11, 2026**, approved the un-audited Financial Results of the Company for the quarter and year ended **June 30, 2026**.

The full format of the standalone Financial Results for the Quarter ended **June 30, 2026**, is available on the website of the Company at full format of the quarterly ended Financial Results are available on stock exchange website **www.bseindia.com** and on Company's website **www.multibaseindia.com**

The same can be accessible by scanning the QR code provided.

In compliance with Regulation 47 of the SEBI Listing Regulations, we hereby notify that the same can also be accessed by scanning the following Quick response (QR) code.

For and Behalf of the Board,
**Multibase India Limited**
**Sd/-**
**Pankajkumar Holani**
**Managing Director**
**DIN: 10843892**

**Place: Mumbai**
**Date: August 12th, 2026**

# KROWNIQ LIMITED

**(Formerly Known as Lykis Ltd.)**
**CIN: L74999MH1984PLC413247**
**Reg.off.- 507-508, 5th Floor, Corporate Avenue, Sonawala Lane, Near Goregaon Station, Goregaon (East), Mumbai – 400 063, Maharashtra, India.**
**Website- www.lykis.com Email- cs@lykis.com, Tel.: +91 9892444834**

The Un-audited Financial Results for the first quarter ended June 30, 2026 have been reviewed by the Audit Committee and approved by the Board of Directors of the Company in the meetings held on August 11, 2026. The un-audited Financial Results for the quarter ended June 30, 2026 have been filed under Regulation 33 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements), Regulations, 2015 with stock exchanges and are available on the website of stock exchanges, www.bseindia.com and on Company's website www.lykis.com

The same can be accessed by scanning the QR Code.

By order of Board of Directors
**For Krowniq Limited**
(formerly known as Lykis Limited)
Sd/-
**Jitendra Kumar Ranka**
**Managing Director**
**DIN: 01062761**

Date: August 11, 2026
Place: Mumbai

# EPACK Durable Limited

**Regd. Office:** 61-B, Udyog Vihar, Surajpur, Kasna Road, Greater Noida, Gautam Buddha Nagar, U.P.-201306
**Corporate Off.:** 7th Floor, Riana Aureus, Plot No. 51-52, Sector-136, Noida, Gautam Buddha Nagar, U.P.-201304
**CIN:** L74999UP2019PLC116048, **Ph. No.:** +91-9217307031, **Website:** www.epackdurable.com, **Email ID:** info_ed@epack.in

**EXTRACT OF THE STANDALONE AND CONSOLIDATED UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2026**

In compliance with Regulation 33 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, (**"SEBI Listing Regulations"**), the Board of Directors of EPACK Durable Limited (**"Company"**) at its meeting held on August 11, 2026 have approved the Standalone and Consolidated Unaudited Financial Results of the Company for the Quarter ended June 30, 2026 (**"Financial Results"**).

The Financial Results along with the Limited Review Report by M/s Deloitte Haskin and Sells, Chartered Accountants, Statutory Auditors of the Company are available on the website of Company at ***https://epackdurable.com/financial-information*** and on the websites of Stock Exchanges, viz. BSE Limited and National Stock Exchange of India Limited at ***www.bseindia.com*** and ***www.nseindia.com***, respectively.

In compliance with Regulation 47 of the SEBI Listing Regulations, we hereby notify that the same can also be accessed by scanning the following Quick Response (QR) code:

For more information please scan:

For **EPACK Durable Limited**
Sd/-
**Ajay DD Singhania**
(Managing Director and Chief Executive Officer)

**Place:** Noida
**Date:** August 11, 2026

nephroplus

# NEPHROCARE HEALTH SERVICES LIMITED

**(formerly Nephrocare Health Services Private Limited)**
**CIN: L85100TG2009PLC066359**
**Regd. Off:** 5th Floor, D Block, iLabs Centre, Plot 18, Software Units Layout, Sy. No. 64, Madhapur, Shaikpet, Hyderabad - 500081, Telangana, India
Tel: +91 40 4240 8039 | cs@nephroplus.com | www.nephroplus.com

**UNAUDITED STANDALONE AND CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2026**

The Unaudited Standalone and Consolidated Financial Results of the Company for the quarter ended June 30, 2026, as approved by the Board of Directors in its meeting held on August 11, 2026 and as filed with the stock exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 along with Limited Review Report thereon issued by the Statutory Auditors of the Company, are available on the websites of the stock exchanges (**www.bseindia.com** and **www.nseindia.com**), the Company's webpage, **https://nephroplus.com/investors**. The said results can also be accessed by scanning the following Quick Response Code.

By order of the Board of Directors
For **Nephrocare Health Services Limited**
(Formerly Nephrocare Health Services Private Limited)
Sd/-
**Kishore Kathri**
**Company Secretary**
**ICSI M.No. F9895**

**Date: 11-08-2026**
**Place: Hyderabad**

# CALCOM VISION LIMITED

**CIN:- L92111DL1985PLC021095 | Regd. Office: C-41, Defence Colony, New Delhi-110024**
**Email id: corp.compliance@calcomindia.com | Website: www.calcomindia.com | Contact No.-0120-2569761**
**Extract of Unaudited Standalone and Consolidated Financial Results for the Quarter ended June 30, 2026**
**(Rs. In Lakhs except per Share data)**

| S. No. | Particulars | Standalone | | | | Consolidated | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Quarter Ended | | | Year Ended | Quarter Ended | | | Year Ended |
| | | 30.06.26 Un-Audited | 31.03.26 Audited | 30.06.25 Un-Audited | 31.03.26 Audited | 30.06.26 Un-Audited | 31.03.26 Audited | 30.06.25 Un-Audited | 31.03.26 Audited |
| 1 | Total income from operations | 6047.98 | 6839.32 | 4528.91 | 22097.61 | 6022.65 | 6825.57 | 4528.91 | 22085.22 |
| 2 | Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items) | 61.85 | 95.35 | 94.17 | 346.56 | 45.28 | 21.39 | 93.98 | 274.06 |
| 3 | Net Profit / (Loss) for the period before Tax (after Exceptional and/or Extraordinary items) | 61.85 | 95.35 | 94.17 | 346.56 | 45.28 | 21.39 | 93.98 | 274.06 |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items) | 46.28 | 51.40 | 69.93 | 245.51 | 10.63 | -24.42 | 62.73 | 141.06 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit/ (Loss) for the period (after tax) and other Comprehensive Income (after tax)] | 57.81 | 86.5 | 91.46 | 337.41 | 22.18 | 11.00 | 84.26 | 233.28 |
| 6 | Equity Share Capital (Face Value of Rs.10 each fully paid up) | 1,398.53 | 1,398.53 | 1,395.89 | 1,398.53 | 1398.53 | 1398.53 | 1395.89 | 1398.53 |
| 7 | Reserves Excluding Revaluation Reserve | - | - | - | 4,610.58 | - | - | - | 4487.24 |
| 8 | Earnings Per Share (of Rs.10/- each) (for continuing and discontinued operations)- | | | | | | | | |
| | - Basic | 0.33* | 0.37* | 0.52* | 1.76 | 0.09* | (0.06)* | 0.47* | 1.13 |
| | - Diluted | 0.33* | 0.36* | 0.51* | 1.73 | 0.09* | (0.06)* | 0.46* | 1.11 |

**Note:-**
The above is an extract of the detailed format of Quarterly financial results for quarter ended 30th June 2026 filed with Stock Exchange under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulation, 2015. The full format of the financial results are available on the stock exchange website, www.bseindia.com. The Financial Results have been posted on the Company's website at: https://calcomindia.com/investor-relations/financial-results.

**By Order of the Board**
**For CALCOM VISION LIMITED**
**Sd/-**
**S.K MALIK**
**CHAIRMAN & MANAGING DIRECTOR**

**Place : Greater Noida**
**Date: August 11, 2026**

# Caprihans India Limited

Bilcare Research

**Registered office :** 1028, Shiroli, Rajgurunagar, Khed, Pune - 410505 India.
**CIN :** L29150PN1946PLC232362 **Tel** +91 2135 647300 **Email :** direct@bilcare.com **Website :** www.bilcare.com

**EXTRACT OF UNAUDITED STANDALONE & CONSOLIDATED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30 JUNE 2026**

(Rs. in Crs)

| Sr. No. | Particulars | Standalone | | | Consolidated | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | Quarter Ended | | Year Ended | Quarter Ended | | Year Ended |
| | | 30.06.2026 (Unaudited) | 30.06.2025 (Unaudited) | 31.03.2026 (Audited) | 30.06.2026 (Unaudited) | 30.06.2025 (Unaudited) | 31.03.2026 (Audited) |
| 1 | Total income | 221.98 | 184.91 | 738.08 | 223.21 | 184.91 | 742.92 |
| 2 | Net Profit/(Loss) for the period (before tax and exceptional items) | 7.01 | (17.65) | (50.98) | 6.22 | (17.66) | (49.81) |
| 3 | Net Profit/(Loss) for the period before tax (after exceptional items) | 7.01 | (17.65) | (52.62) | 6.22 | (17.66) | (51.45) |
| 4 | Net Profit/(Loss) for the period after tax (after exceptional items) | 7.01 | (13.55) | (48.17) | 6.22 | (13.56) | (47.00) |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit/ (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax) | 5.94 | (13.68) | (45.78) | 5.14 | (13.69) | (44.60) |
| 6 | Equity Share Capital (Face values of Rs. 10/- each) | 17.62 | 14.62 | 15.91 | 17.62 | 14.62 | 15.91 |
| 7 | Reserves Excluding Revaluation Reserves as shown in the Audited Balance Sheet | - | - | (169.93) | - | - | (170.77) |
| 8 | Earning per share (Face Value of Rs. 10 each) (after exceptional items ) | | | | | | |
| | Basic (Amount in Rs.) | 4.25 | (9.27) | (32.88) | 3.77 | (9.27) | (32.08) |
| | Diluted (Amount in Rs.) | 3.98 | (9.27) | (32.88) | 3.53 | (7.56) | (32.08) |

**Notes:**
1 The above is an extract of the detailed format of Unaudited Financial Results for the quarter ended 30 June 2026 filed with BSE Limited under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the quarterly financial results are available on the Company's website (www.bilcare.com) and BSE website (www.bseindia.com). The same can be accessed by scanning the QR code provided alongside.

For **CAPRIHANS INDIA LIMITED**
ANKITA J. KARIYA
MANAGING DIRECTOR

Place : Pune
Date : 10 August 2026

# HEXA TRADEX LIMITED

**CIN -** L51101UP2010PLC042382
**Regd. Office:** A-1, UPSIDC Indl. Area, Nandgaon Road, Kosi Kalan, Distt. Mathura (U.P.)-281403
**Corp. Office:** Jindal Centre,12, Bhikaiji Cama Place, New Delhi- 110066

**EXTRACT OF FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2026**

(₹ Lakhs)

| S. No. | Particulars | Standalone | | | | Consolidated | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Quarter ended | | | Year ended | Quarter ended | | | Year ended |
| | | 30.06.2026 Unaudited | 31.03.2026 Refer note 1 | 30.06.2025 Unaudited | 31.03.2026 Audited | 30.06.2026 Unaudited | 31.03.2026 Refer note 1 | 30.06.2025 Unaudited | 31.03.2026 Audited |
| 1. | Total income from operations | 0.51 | 5.41 | 0.05 | 7.86 | 0.51 | 150.88 | 0.05 | 545.59 |
| 2. | Net profit/(loss) before tax | (59.59) | (68.46) | (91.82) | (335.30) | 167.66 | (299.96) | (16.34) | (725.40) |
| 3. | Net profit/(loss) after tax | (57.71) | (61.95) | (79.70) | (295.31) | 167.25 | (331.72) | (16.10) | (871.99) |
| 4. | Total comprehensive income for the period /year [Comprising profit/(loss) for the period/year (after tax) and other comprehensive income (after tax)] | 29,840.22 | (15,741.92) | (2,312.64) | (1,870.34) | 27,783.77 | (32,006.54) | 13,147.37 | 13,678.73 |
| 5. | Paid up Equity share capital | 1,104.91 | 1,104.91 | 1,104.91 | 1,104.91 | 1,104.91 | 1,104.91 | 1,104.91 | 1,104.91 |
| 6. | Other equity | 401,986.05 | 372,145.83 | 371,703.53 | 372,145.83 | 488,230.10 | 460,446.32 | 446,767.60 | 460,446.32 |
| 7. | Earnings per share (of ₹ 2/- each) (*not annualized) | | | | | | | | |
| | (1) Basic (₹) | (0.10)* | (0.11)* | (0.14)* | (0.53) | 0.30* | (0.60)* | (0.03)* | (1.58) |
| | (2) Diluted (₹) | (0.10)* | (0.11)* | (0.14)* | (0.53) | 0.30* | (0.60)* | (0.03)* | (1.58) |

**Note:**
1. The figures of the quarter ended March 31, 2026 are the balancing figures between the audited figures for the financial year ended March 31, 2026 and the published unaudited figures for the nine months ended December 31, 2025.
2. The above is an extract of the detailed format of Standalone and Consolidated financial results for the quarter ended on 30th June 2026 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Standalone and Consolidated results for the quarter ended on 30th June 2026 are available on the websites of the Stock Exchanges (www.nseindia.com/www.bseindia.com) and on the Company's website (www.hexatradex.com).

**Scan QR code to view Results** ⇨

**By order of the Board**
**For Hexa Tradex Limited**
**Sd/-**
**Ravinder Nath Leekha**
**Chairperson**
**DIN : 00888433**

**Place: New Delhi**
**Date: August 11, 2026**

KCI

# KANORIA CHEMICALS & INDUSTRIES LIMITED

**Registered Office: "KCI Plaza", 23C, Ashutosh Chowdhury Avenue, Kolkata – 700 019**
**Phone: (033) 4031 3200, CIN: L24110WB1960PLC024910**
**Email: investor@kanoriachem.com Website: www.kanoriachem.com**

**STATEMENT OF UN-AUDITED FINANCIAL RESULTS (STANDALONE & CONSOLIDATED) FOR THE QUARTER ENDED 30TH JUNE 2026**

The Board of Directors of the Company in their meeting held on 11th August, 2026, approved the un-audited financial results (standalone & consolidated) for the quarter ended 30th June 2026 ("Financial Results").

The Financial results along with the un-audited results have been hosted on the Company's website at **https://a.storyblok.com/f/209886/x/b3781b8c1a/unaudited-financial-results-for-quarter-ended-30th-june-2026.pdf,** websites of the stock exchange, i.e., BSE Limited at **www.bseindia.com/xml-data/corpfiling/AttachLive/12597bb0-2db1-4254-b9ef-70c91f446e1b.pdf** and National Stock Exchange of India Limited at **https://nsearchives.nseindia.com/corporate/KANORICHEM_11082026143434_Letter.pdf** and can also be accessed by scanning the QR code:

For and on behalf of the Board
Sd/-
R.V. Kanoria
Chairman & Managing Director
(DIN:00003792)

Date : 11th August, 2026
Place : New Delhi

# এশীয় মঞ্চে কঠিন লড়াই ‘ভারতসেরা’দের




কঠিন ম্যাচের আগে চনমনে জেসিন, ডেভিড, লালচুংনুঙ্গা, আনোয়াররা। অনুশীলনে ব্যস্ত আল আরবির ফুটবলাররা। ছবি: ইস্টবেঙ্গল, অভিষেক চক্রবর্তী

# লড়াইয়ের শপথ ইস্টবেঙ্গলের

রাজর্ষি গাঙ্গুলি

দলটাকে গুছিয়ে নেওয়ার তেমন সময় তিনি পাননি। অন্তত যতটা সময় পেলে এএফসি চ্যাম্পিয়ন্স লিগ টু–এর যোগ্যতা অর্জন পর্বে চ্যালেঞ্জ ছোড়া যায়, ততটা তো নয়ই। তার মধ্যেও হাজারো সমস্যা। এত কঠিন একটা ম্যাচে হাতে মাত্র দু’জন ফিট বিদেশি। তবু সবকিছুর পরেও আন্তোনিও লোপেজ হাবাসের ভরসা শুধু লড়াই। আল আরবি ম্যাচের আগে সেই লড়াইয়ের ভরসাতেই গাড়িতে ওঠার আগে তিনি বলে যান, ‘হোপ ফর দ্য বেস্ট’।

বুধবার সন্ধ্যায় সমর্থকরা আসবেন আশা নিয়েই। তবে ভারতীয় রক্ষণ, ভারতীয় আক্রমণভাগ নিয়ে ঠিক কতটা আশা করা যায়? অন্তত বাস্তবের মাটিতে দাঁড়িয়ে? দলের অন্দরে কান পাতলেই শোনা যায় অসন্তোষ শুধু বিদেশিতেই শেষ নয়। সেই অসন্তোষ মেটানোর চেষ্টা ক্লাবকর্তারা আপ্রাণ করছেন। নিজেদের ক্ষমতার বাইরে গিয়েই। রক্ষণে সন্দীপ মান্ডি, আনোয়ার আলিরা জানকবুল লড়াই করবেন আল আরবিকে আটকে দেওয়ার জন্য। হাতে বিদেশি ডিফেন্ডার এবং বিদেশি স্ট্রাইকার না থাকা ফারাক তৈরি করে দেবে, তা বলাই বাহুল্য। তবু হাবাসের আশ্বাস, ‘অবশ্যই এই ম্যাচের জন্য আমরা পর্যাপ্ত অনুশীলনের সময় পাইনি। তবে আমার কাছে আমার ফুটবলাররাই সেরা। আমি ওদের উপর ১০০ শতাংশ ভরসা করছি। আমরা ম্যাচটা মাথা দিয়ে খেলব। বিপক্ষ সম্পর্কে আমরা যে অনেক কিছু জানি, তা নয়। ওদের নতুন কোচ। তাঁর ছক আমাদের অজানা। তবে আমাদের ভরসা গ্যালারিতে উপস্থিত সমর্থকরা। এই ম্যাচে ওদের সমর্থন প্রচণ্ড দরকার।’

ইস্টবেঙ্গল মাঝমাঠে নতুন ভরসা ড্যানি র‍্যামিরেজ। দৃষ্টিনন্দন ফুটবল, গোলের ঠিকানা লেখা পাস। মন কেড়ে নিচ্ছেন সমর্থকদের। তবে তিনিও জানেন সিআইএসএফ, সাউথ ইউনাইটেডদের সঙ্গে এই আল আরবির ব্যবধান অনেক। তবু জেসিনদের জন্য গোলের বল সাজিয়ে দিতে হাবাস তাকিয়ে থাকবেন তাঁর দিকেই। র‍্যামিরেজ জানিয়ে গেলেন, ‘আশা করছি, আমরা এই ম্যাচ জিতে মূলপর্বে গিয়ে সমর্থকদের আনন্দ দিতে পারব।’ দলের মাঝমাঠের আরেক ভরসা মহম্মদ রশিদ বলছেন, ‘ম্যাচটা ট্যাকটিক্যাল হতে চলেছে। আমরা আগে কী করেছি, সেটা অতীত। এই ম্যাচটা শেষ দু’বছরের সবচেয়ে গুরুত্বপূর্ণ ম্যাচ। এশিয়ার বড় প্রতিযোগিতায় ভারতীয় ফুটবলের প্রতিনিধি রাখার চ্যালেঞ্জ।’

ড্যানি র‍্যামিরেজ এবং মহম্মদ রশিদ ছাড়া বুধবারের ম্যাচে বাকি ভারতীয় স্কোয়াড নিয়ে নামার সম্ভাবনা হাবাসের। এই ম্যাচে ইস্টবেঙ্গল রক্ষণ কেমন খেলে সেদিকে দৃষ্টি থাকবে সবার। আর সেক্ষেত্রে নিজেকে ছাপিয়ে যেতে হবে আনোয়ার আলিকে। কারণ সন্দীপ মান্ডি, হার্দিক ভাটদের এত বড় মঞ্চে খেলার অভিজ্ঞতা নেই। আর জয় গুপ্তা নিজের ফর্ম হাতড়ে বেড়াচ্ছেন। আবার আক্রমণে কেরলের স্ট্রাইকার জেসিন টিকে একা। জীবনের অন্যতম বড় চ্যালেঞ্জে নামতে চলেছেন এই তরুণ স্ট্রাইকার। এই চ্যালেঞ্জ জিততে পারলে নিজের ফুটবল জীবনে তিনি যে অনেকটা এগিয়ে যাবেন, তা লিখে দেওয়াই যায়।

**আজ**
**এএফসি কাপে**
**ইস্টবেঙ্গল : আল আরবি**
(যুবভারতী, সন্ধে ৭–০০)
ফ্যানকোড

# বুদ্ধিদীপ্ত ফুটবল চাইছেন গোরান

সায়ন গুপ্ত

**স্বভাবে গম্ভীর। উত্তর দেন মেপে। নতুন দেশ, নতুন শহরে অচেনা মুখেদের ভিড়ে যে নিজেকে গুটিয়ে রাখছিলেন, এমনটা নয়। কলকাতায় আল আরবি যে কদিন অনুশীলন করেছে, সেখানেও তাঁকে একইরকম মেজাজে পাওয়া গিয়েছিল। মঙ্গল–বিকেলের যুবভারতী ক্রীড়াঙ্গন। তাঁর দলের ফুটবলাররা গা ঘামাচ্ছিল। তিনি কিছুটা দূরে দাঁড়িয়ে অনুশীলন দেখছিলেন। কখনও আবার আপন মনে মাঠে হাঁটছিলেন। দেখে মনে হবে, হাসিঠাট্টা মোটেই পছন্দ করেন না।**

**প্রচণ্ড সিরিয়াস স্বভাবের এই ব্যক্তির নাম গোরান সাবলিচ। আল আরবির কোচের পদে দায়িত্ব নিয়েছেন এক মাসও হয়নি। মগজাস্ত্রের লড়াইয়ে আন্তোনিও লোপেজ হাবাস কি টেক্কা দিতে পারবেন ক্রোয়েশিয়ান প্রশিক্ষককে? এএফসি চ্যাম্পিয়ন্স লিগ ২ প্রাথমিক পর্বের মঞ্চ তৈরি। জয়ী দল এসিএল ২–এ খেলবে। হারলে এশীয় স্তরের তৃতীয় সারির প্রতিযোগিতা চ্যালেঞ্জ লিগে খেলতে হবে। ম্যাচের আগে ব্যবস্থাপনা খতিয়ে দেখতে এদিন যুবভারতী ঘুরে দেখেন এআইএফএফ সভাপতি কল্যাণ চৌবে।**

**কুয়েত লিগে গতবারের রানার্স আল আরবি কলকাতায় আসার আগে তুরস্কে শিবির করেছিল। ইস্টবেঙ্গল ডুরান্ড কাপে খেলছে। কিন্তু কুয়েতের দলটি দীর্ঘদিন প্রতিযোগিতামূলক ম্যাচ খেলেনি। যদিও তুরস্কে চারটি প্রস্তুতি ম্যাচ খেলেছিল তারা। কুয়েতের জাতীয় দলের একগুচ্ছ ফুটবলারের পাশাপাশি রক্ষণে সেনেগালের খাদিম রসুল, ব্রাজিলের শেল্ডন আছেন। মাঝমাঠে ইথিওপিয়ার কেনান মালেকো, ফ্রান্সের হাসিমি ফাদিগা। উইংয়ে নাইজেরিয়ার আনায়ো লুওয়ালা ও আক্রমণভাগে ব্রাজিলিয়ান স্ট্রাইকার লুকাস শ্যালন। প্রতিপক্ষ যেখানে বিদেশি ফুটবলারে ঠাসা, সেখানে ইস্টবেঙ্গলের মাত্র দু’জন বিদেশি শুরু থেকে খেলার অবস্থায় আছে।**

**ভারতের জাতীয় দলের প্রাক্তন কোচ ইগর স্টিমাকের সঙ্গে পরিচয় রয়েছে গোরানের। তিনি বলেন, ‘স্টিমাককে আমি চিনি। এই ম্যাচের আগে ওর সঙ্গে কথা না হলেও প্রতিপক্ষ কী করতে পারে, সেটা আমরা জানি। ওদের আক্রমণভাগ যথেষ্ট ভাল। তবে আমরাও চ্যালেঞ্জ জানানোর জন্য তৈরি। আমাদের বুদ্ধিদীপ্ত ফুটবল খেলতে হবে। কখন আক্রমণে উঠতে হবে আর কখন রক্ষণ আগলাতে হবে, সেই সিদ্ধান্ত নেওয়ায় ভুল করলে চলবে না।’**

# শ্রীলঙ্কায় জিতবে গিলরা, আশাবাদী সৌরভ

অগ্নি পাণ্ডে



হুমকি চিঠির ঘটনার পরদিনই মুখোমুখি সৌরভ গাঙ্গুলি। ‘অনেকদিন ধরেই নানারকম হুমকি পাচ্ছি। পুলিশকে জানানো হয়েছে। যারা করছে তাদের নিশ্চয়ই কোনও উদ্দেশ্য রয়েছে।’ বিচলিত হলেও সেটা প্রকাশ্যে আনতে চান না দেশের প্রাক্তন অধিনায়ক।

সামনে প্রচুর ব্যস্ততা। আগস্ট থেকেই শুরু হয়ে যাবে ‘বিগ বস’–এর শুটিং। সৌরভ জানালেন, প্রতি সপ্তাহের শনিবার মুম্বইয়ে গিয়ে শুটিং করতে হবে। মুম্বইয়ে সলমন খানের স্টুডিওতে শুটিং হবে ‘বিগ বস’–এর। ‘দাদাগিরি–র শুটিংয়ে অনেক চাপ ছিল।’ বলছেন সৌরভ। আর বিগ বস শুটিং শেষেই আন্তর্জাতিক মানের কুইজ প্রতিযোগিতার সঞ্চালক হতে চলেছেন সৌরভ। ডিসেম্বর থেকে যার শুটিং শুরু হবে। ব্রিটেনে একটি জনপ্রিয় কুইজ প্রতিযোগিতা ‘উইজডম’–এর আদলে বাংলায় এবং হিন্দিতে কুইজ প্রতিযোগিতার সঞ্চালক হবেন সৌরভ। স্টার টিভিতেই যা দেখানো হবে।

সিএবি–তে সেপ্টেম্বরে দুটি পদে নির্বাচন হওয়ার কথা। তা নিয়ে খানিক ব্যস্ততাও রয়েছে। সৌরভ বলছেন, ‘বিগ বস তো আমার কাছে প্রফেশনাল প্রজেক্ট। সিএবি সেটা নয়। তবে, সময় দিতেই হবে। সেটা দিচ্ছিও। এখনও সময় রয়েছে। দুটো পোস্টে নির্বাচন হওয়ার কথা। যদি বিরোধীরা প্রার্থী দেয় তা হলে নির্বাচন হবে।’ প্রসঙ্গত, সিএবি সচিব এবং যুগ্ম সচিবের পদে নির্বাচন হওয়ার কথা। সভাপতি পদে সৌরভের মেয়াদ এখনই শেষ হচ্ছে না। তবে, প্রার্থীপদ এখনও বেছে নেয়নি সৌরভের প্রশাসন।

**ডিসেম্বর থেকে আন্তর্জাতিক কুইজ মাস্টার হতে চলেছেন**

১৫ আগস্ট থেকে শ্রীলঙ্কার মাটিতে ভারত দুটি টেস্ট ম্যাচের সিরিজ খেলতে নামছে। সাম্প্রতিককালে স্পিনের বিরুদ্ধে ভারতীয় ব্যাটারদের করুণ দশা গোটা ক্রিকেট দুনিয়ার সামনে উন্মোচিত। ঘরের মাটিতে প্রথমে নিউজিল্যান্ড এবং তারপর দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে টেস্ট সিরিজে হার। যার মধ্যে একটি ছিল ইডেনেও। সৌরভ যদিও মনে করছেন শ্রীলঙ্কার মাটিতে শুভমান গিলের ভারত স্পিন খারাপ খেলবে না। বললেন, ‘আমার ধারণা, খুব খারাপ ব্যাটিং করবে না ভারত। শুভমান, লোকেশ রাহুল, ঋষভ পন্থ, সরফরাজরা স্পিনটা খেলে দিতে পারবে। তবে ইডেনের মতো ব্যাটিং করলে সমস্যায় পড়বে। আমার মতে, ভারত ভালই ব্যাট করবে। ব্যাটিং বিভাগ বেশ শক্তিশালী। বুমরা, সামি না থাকায় টেস্টে ভারতের বোলিং বিভাগ দুর্বল সে বিষয়ে কোনও সন্দেহ নেই।’ ঘটনা, শ্রীলঙ্কার বিরুদ্ধে টেস্টে ২–০ ফলাফলে ভারত না জিতলে সামনে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে ওঠার রাস্তা সম্পূর্ণ বন্ধ হয়ে যাবে। সৌরভের বক্তব্য, ‘দেশের মাটিতে সিরিজগুলি হেরে যাওয়ায় ভারতের চাপ বেড়েছে। শ্রীলঙ্কা থেকে সিরিজ জিতে ফেরা উচিত শুভমানদের।’

বিয়ের মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে সহবাস–সহ নানাবিধ অভিযোগে মঙ্গলবারই গ্রেপ্তার হয়েছেন বাংলার ক্রিকেটার অভিষেক পোড়েল। সিএবি সভাপতি হিসেবে গোটা বিষয়টি নিয়ে মুখ খুলতে চাননি সৌরভ। শুধু বললেন, ‘বিষয়টি আমি বিশদে জানি না। তাই মন্তব্য করা উচিত হবে না।’

# ‘মাইকেল-ঘড়ি’ নাট্যকারের হাতে, নেপথ্যে লিয়েন্ডার

আজকালের প্রতিবেদন



আচমকাই তৈরি হল ইতিহাস। অলিম্পিক টেনিসে ভারতের একমাত্র পদকজয়ী লিয়েন্ডার পেজের উদ্যোগে। প্রসিদ্ধ নাট্যব্যক্তিত্ব গৌতম হালদারের হাতে।

কিংবদন্তি প্রাক্তন টেনিস খেলোয়াড় লিয়েন্ডার মায়ের (অতি সম্প্রতি প্রয়াত জেনিফার পেজ) দিক দিয়ে মহাকবি মাইকেল মধুসূদন দত্তের প্রপৌত্র। কিছু দিন আগে এরাজ্যের এক বেসরকারি ঘড়ি প্রস্তুতকারী সংস্থা মাইকেল মধুসূদনের হস্তাক্ষর ও তাঁর কালজয়ী রচনা ‘মেঘনাদবধ কাব্য’–র কয়েকটি পঙ্‌ক্তি সম্বলিত বাংলা হরফের ডায়ালের এক বিশেষ ঘড়ি বাজারে এনেছে। হাতঘড়িটির নাম ‘অমিত্রাক্ষর’। মাইকেলের স্মৃতি ও সৃষ্টিকে সম্মান জানাতে এই সম্পূর্ণ ‘মেড ইন বেঙ্গল’ ব্র্যান্ডের অভিনব ঘড়ির উদ্বোধন করেছিলেন মধুকবির বংশধর লিয়েন্ডার।

গত রবিবার মধ্য কলকাতার এক নামী প্রেক্ষাগৃহে ছিল গৌতম হালদার অভিনীত নাটক ‘মেঘনাদবধ কাব্য’। ২৯ বছর ধরে এই জনপ্রিয় নাটকটি মঞ্চস্থ করছেন গৌতম। কিন্তু সেদিন দর্শকাসনে এক বিশেষ ব্যক্তি উপস্থিত ছিলেন, যাঁকে সচরাচর এমন অনুষ্ঠানে প্রায় দেখাই যায় না। এবং সেই তিনি, লিয়েন্ডার পেজ, নাটকের শেষে যখন স্বতঃস্ফূর্ত ভাবে দর্শকাসন ছেড়ে মঞ্চে উঠে এলেন, তখন সেখানে গৌতম হালদারের সঙ্গে তাঁর গোটা নাট্যদল দাঁড়িয়ে। লিয়েন্ডার তাঁদের সবার অবাক দৃষ্টির সামনে গৌতমের হাতে মাইকেলের ‘মেঘনাদবধ কাব্য’–র বিখ্যাত ছন্দের অনুপ্রেরণায় তৈরি ‘অমিত্রাক্ষর’ হাতঘড়িটি উপহারস্বরূপ তুলে দেন।

গৌতম হালদারের দু’চোখে তখন একইসঙ্গে বিস্ময় ও আনন্দাশ্রু। আবেগাশ্রুতে লিয়েন্ডারের চোখের কোণও চিকচিক করছিল। দর্শকাসন থেকে কেউ একজন চেঁচিয়ে উঠলেন, ‘লিয়েন্ডারের হাত মারফত যোগ্য লোকের হাতেই আজ উঠল মাইকেলের ঘড়ি।’ সঙ্গে সঙ্গে করতালির ঝড় উঠল গোটা হল জুড়ে। তৈরি হল এক ইতিহাস।

# টিকিটের অনুরোধ করল আইএফএ

**আজকালের প্রতিবেদন:** ভারত বনাম ব্রাজিল ম্যাচ নিয়ে এখন থেকেই উত্তেজনায় ফুটছে কলকাতা। টিকিট বিক্রি শুরুর অপেক্ষা করছেন সমর্থকরা। এই ম্যাচের টিকিটের চাহিদা যে আকাশছোঁয়া হতে চলেছে তা বলাই বাহুল্য। আর তা আন্দাজ করেই আইএফএ সচিব অনির্বাণ দত্ত একটি চিঠি দিলেন ফেডারেশন সভাপতি কল্যাণ চৌবেকে। সেখানে তিনি অনুরোধ করেছেন ভারতের জাতীয় দলে খেলা বাংলার ফুটবলারদের এই ম্যাচের যেন কমপ্লিমেন্টারি টিকিট দেওয়া হয়। সেই সঙ্গেই তাঁর অনুরোধ আইএফএ–র প্রতিটি অনুমোদিত সংস্থাকে যেন দুটি করে কমপ্লিমেন্টারি টিকিট দেওয়া হয়। এছাড়াও এই সংস্থাগুলি যেন অর্থের বিনিময়ে অগ্রিম টিকিট কাটতে পারে, তার ব্যবস্থা যাতে ফেডারেশন করে। আইএফএ সচিব বলেন, ‘ইতিমধ্যেই এই ম্যাচের টিকিটের জন্য আমাদের কাছে অনেকেই অনুরোধ করেছেন। আর আমরা মনে করি দেশের হয়ে যাঁরা প্রতিনিধিত্ব করেছেন, তাঁদের এই সম্মান প্রাপ্য।’

## খেলার খুচরো

### » পাশে ট্রাম্প

কোণঠাসা ফিফা সভাপতি জিয়ান্নি ইনফ্যান্তিনোর পাশে দাঁড়ালেন আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। আগামী বছর ফিফা সভাপতি পদে ইনফ্যান্তিনোর নির্বাচিত হওয়া বেশ অনিশ্চিত। এই আবহে ট্রাম্প জানিয়েছেন, ইনফ্যান্তিনোকে সরানো হলে তা হবে ‘ভয়ঙ্কর ভুল’।

### » অস্মিতাকে সংবর্ধনা

আগামিকাল ইস্টবেঙ্গল ক্লাবের প্রয়াত সচিব দীপক (পল্টু) দাসের জন্মদিন। দিনটি ‘স্পোর্টস ডে’ হিসেবে পালন করে লাল–হলুদ। বিকেলে ক্লাব তাঁবুতে অনুষ্ঠান। থাকবেন তিন মন্ত্রী তাপস রায়, ইন্দ্রনীল খাঁ, শঙ্কর ঘোষ। সংবর্ধিত হবেন সদ্যসমাপ্ত কমনওয়েলথ গেমসে সোনাজয়ী অস্মিতা দে।

### » ফ্লিনটফ–পুত্র

ইংল্যান্ডের প্রাক্তন অলরাউন্ডার অ্যান্ড্রু ফ্লিনটফের পুত্র রকি ফ্লিনটফ পেশাদার ক্রিকেটে প্রথম শতরান করলেন। ১৮ বছরের রকি টনটনে ওয়ান–ডে কাপে শতরান করেছেন ল্যাঙ্কাশায়ারের হয়ে, সমারসেটের বিরুদ্ধে। রকি করেছেন ৭৬ বলে ১২৩ রান। ইনিংসে ১০টি চার, ৭টি ছয়।

## রোনাল্ডোর বিয়ে



জল্পনার অবসান। দীর্ঘদিনের বান্ধবী জর্জিনা রডরিগেজকে বিয়ে করলেন ফুটবল মহাতারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। বিয়ের আসর বসেছিল পর্তুগালের কাসকাইস শহরে। জানা গিয়েছে, দু’জনের পরিবারের সদস্য এবং ঘনিষ্ঠ বন্ধুদের নিয়ে একেবারেই ব্যক্তিগত পরিসরে অনুষ্ঠানের আয়োজন হয়েছিল। মঙ্গলবার রাতের দিকে আংটি পরা হাতের ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে বিয়ের ঘোষণা করেন রোনাল্ডো। ক্যাপশনে ছিল দু’জনের নামের আদ্যক্ষরের সঙ্গে হার্ট ইমোজি।

# জিতলেই ডুরান্ডের নকআউটে মহমেডান

**আজকালের প্রতিবেদন:** কলকাতা লিগে এখনও অপরাজিত মহমেডান স্পোর্টিং। ৫ ম্যাচে ৪টিতে জিতে দাপট দেখাচ্ছে সাদা–কালো ব্রিগেড। ডুরান্ড কাপে শুরুটা তারা ভালই করেছিল। প্রথম ম্যাচ বাগপথ এফসিকে ৪–০ হারিয়েছিল মেহরাজউদ্দিন ওয়াড়ুর ছেলেরা। কিন্তু দ্বিতীয় ম্যাচে সমলেশ্বরীর বিরুদ্ধে ২–৩ ব্যবধানে হারলেও ডুরান্ডের নকআউটে ওঠার আশা এখনও রয়েছে। অঙ্ক সহজ, বুধবার ইন্ডিয়ান আর্মির বিরুদ্ধে জিতলেই কোয়ার্টার ফাইনালে চলে যাবেন মহীতোষ রায়রা।

**আজ ডুরান্ড কাপে**
**মহমেডান স্পোর্টিং**
**বনাম**
**ইন্ডিয়ান আর্মি**
(কিশোরভারতী। সন্ধে ৭–০০)
সোনি স্পোর্টস

গ্রুপ বি–তে দুটি ম্যাচেই জিতে ৬ পয়েন্ট নিয়ে শীর্ষে ইন্ডিয়ান আর্মি। একই পয়েন্ট নিয়ে আপাতত দুইয়ে সমলেশ্বরী। তারা সব ম্যাচ খেলে ফেলেছে। বুধবার জিতলে মহমেডানও ৬ পয়েন্টে গ্রুপপর্ব শেষ করবে। সেক্ষেত্রে তিনটি দলের একই পয়েন্ট হবে। এই পরিস্থিতিতে গোলপার্থক্য দেখা হবে। সমলেশ্বরীর থেকে মহমেডান গোলপার্থক্যে এগিয়ে রয়েছে। বুধবার এক গোলের ব্যবধানে জিতলেই মহমেডান ও আর্মির গোলপার্থক্য সমান (৪) হবে। সেক্ষেত্রে হেড টু হেডে এগিয়ে থাকায় গ্রুপশীর্ষে থেকে কোয়ার্টার ফাইনালে যাবে সাদা–কালো ব্রিগেড। নির্বাসনের কারণে এই ম্যাচে পাওয়া যাবে না স্ট্রাইকার অ্যাডিসন সিংকে।

# মেসি কি বিরতিতে

**আজকালের প্রতিবেদন:** বাবা জর্জে মেসির প্রয়াণের ধাক্কা সামলে উঠতে সময় লাগবে। তাই ফুটবল থেকে অনির্দিষ্টকালের জন্য বিরতি নিলেন লিওনেল মেসি। সোমবার নিজের সিদ্ধান্তের কথা জানিয়েছেন লিও। কিংবদন্তি ফুটবলার হওয়ার পাশাপাশি তিনি বরাবরই আদ্যোপান্ত ফ্যামিলি–ম্যান। তাই পরিবারের কঠিন দিনগুলি মেসি স্বজনদের সঙ্গে কাটাতে চাইছেন।

আসলে বাবা ছিলেন লিওর সর্বক্ষণের সঙ্গী। ছেলের ফুটবল কেরিয়ার তৈরির নেপথ্যেও জর্জের অবদান বিশাল। বাবার অসুস্থতার কষ্ট বুকে চেপে মেসি বিশ্বকাপে খেলেছেন। তারপর ক্লাব মরশুম শুরু হতে সেই আমেরিকায় বসে বাবার মৃত্যু–সংবাদ পান লিও। রাতারাতি রোজারিওয় ফেরেন। ভাবা হয়েছিল, জর্জের শেষকৃত্যের পর তিনি আবার মায়ামি ফিরে যাবেন। তবে সেই ভাবনায় জল ঢেলে মেসি জানিয়েছেন, এখনই আমেরিকায় ফিরছেন না। আপাতত আর্জেন্টিনায়, পরিবারের সঙ্গে থাকবেন।

সূত্রের খবর, পেশাগত দায়িত্ব থেকে সাময়িক বিরতি নিলেও মেসি ইন্টার মায়ামিতে ফেরার কোনও নির্দিষ্ট দিনক্ষণ জানাননি। আবার একাধিক বিদেশি সংবাদমাধ্যম দাবি করেছে, মেসি এমন কোনও বিরতির কথা জানাননি। বরং ২–৩ দিনের মধ্যেই তিনি আবার মায়ামিতে ফিরে যেতে পারেন। কারণ, আগামী এক সপ্তাহে ইন্টার মায়ামির পরপর খেলা আছে।




LASER POWER & INFRA

লেসার পাওয়ার অ্যান্ড ইনফ্রা লিমিটেড
CIN: L14220WB1988PLC043591
রেজিস্টার্ড অফিস: ৪এ, পোলক স্ট্রিট, ৩ নং ফ্লোর, কলকাতা ৭০০০০১
কর্পোরেট অফিস: অ্যাডভেন্টজ ইনফিনিটি@৫, ১৯ নং ফ্লোর, বিএন ব্লক, সেক্টর V, বিধাননগর, কলকাতা ৭০০০৯১
ই-মেল আইডি: Investor.grievance@laserpowerinfra.com, ওয়েবসাইট: www.laserpowerinfra.com

৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফলের বিবৃতি

কোম্পানির ৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের জন্য অনিরীক্ষিত স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক ফলাফলগুলি সোমবার, ১০ আগস্ট, ২০২৬ তারিখে অনুষ্ঠিত তাদের নিজ নিজ সভায় অডিট কমিটি দ্বারা পর্যালোচিত হয়েছে এবং কোম্পানির বোর্ড অফ ডিরেক্টরস দ্বারা অনুমোদিত হয়েছে।

কোম্পানির উপর্যুক্ত আর্থিক ফলাফলগুলি এবং এর ওপর অডিটর-এর লিমিটেড রিভিউ রিপোর্ট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং www.nseindia.com-এ এবং কোম্পানির ওয়েবসাইট www.laserpowerinfra.com-এ উপলব্ধ। নীচে দেওয়া কুইক রেসপন্স (কিউআর) কোড স্ক্যান করেও এগুলি দেখা যেতে পারে।

স্থান : কলকাতা
তারিখ : ১১.০৮.২০২৬

বোর্ডের জন্য ও তরফে
লেসার পাওয়ার অ্যান্ড ইনফ্রা লিমিটেড
স্বা/-
দীপক গোয়েল
চেয়ারম্যান এবং ম্যানেজিং ডিরেক্টর
DIN: 00673430